# নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৭

( ২০১৭ সনের ১৩ নং আইন )

**২০১৭ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু ২০১৭ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

**সংক্ষিপ্ত শিরোনাম**

১। এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৭ নামে অভিহিত হইবে।

**২০১৬-২০১৭ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৮৩৭০,২২,৫০,০০০ (আঠারো হাজার তিনশত সত্তর কোটি বাইশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রদান**

২। ২০১৭ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ১৮৩৭০,২২,৫০,০০০ (আঠারো হাজার তিনশত সত্তর কোটি বাইশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

**নির্দিষ্টকরণ**

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৭ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।